



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ, ১২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/ ২৬ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৫৯-আইন/ভ্রমণ/২০১৪।- ভ্রমণ কর আইন, ২০০৩ (২০০৩ সনের ৫ নং আইন) এর ধারা ৫, ধারা ৩ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ হইতে আকাশ, স্থল কিংবা জল পথে অন্য কোন দেশে কোন যাত্রীর গমনের ক্ষেত্রে ভ্রমণ করের হার নির্ধারণকল্পে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।- (১) এই বিধিমালা বিদেশ ভ্রমণ কর হার নির্ধারণ বিধিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১ জুলাই ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

২। আকাশ পথে প্রযোজ্য ভ্রমণ কর।- বাংলাদেশ হইতে আকাশ পথে অন্য কোন দেশে গমনের ক্ষেত্রে প্রতি যাত্রীর নিকট হইতে নিম্নবর্ণিত হারে ভ্রমণ কর আরোপ ও আদায়যোগ্য হইবে, যথা:

(ক) উত্তর আমেরিকা, দক্ষিণ আমেরিকা, ইউরোপ, আফ্রিকা, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, চীন, জাপান, হংকং, উত্তর কোরিয়া, দক্ষিণ কোরিয়া, ভিয়েতনাম, লাওস, কম্বোডিয়া ও তাইওয়ান এ গমনের ক্ষেত্রে চার হাজার টাকা;

(খ) সার্কভুক্ত কোন দেশে গমনের ক্ষেত্রে এক হাজার দুই শত টাকা;
এবং

(গ) দফা (ক) ও (খ) এ উল্লিখিত দেশসমূহ ব্যতীত অন্য কোন দেশে গমনের ক্ষেত্রে তিন হাজার টাকা।

৩। জলপথে প্রযোজ্য ভ্রমণ কর।- বাংলাদেশ হইতে জলপথে অন্য কোন দেশে গমনের ক্ষেত্রে প্রতি যাত্রীর নিকট হইতে আট শত টাকা হারে ভ্রমণ কর আরোপ ও আদায়যোগ্য হইবে।

৪। স্থলপথে প্রযোজ্য ভ্রমণ কর।- বাংলাদেশ হইতে স্থলপথে অন্য কোন দেশে গমনের ক্ষেত্রে প্রতি যাত্রীর নিকট হইতে পাঁচ শত টাকা হারে ভ্রমণ কর আরোপ ও আদায়যোগ্য হইবে।

৫। রহিতকরণ।- বিদেশ ভ্রমণ কর হার নির্ধারণ বিধিমালা, ২০০৪, অতঃপর রহিত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মোঃ আমিনুল করিম)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)